নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০১৪.১৯-৯৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫ / ২৬ ফেব্রুয়ারি ২০১৯

# ইলেক্ট্রনিক ভোটিং মেশিনে ভোটগ্রহণ বিষয়ক বিশেষ পরিপত্র

**বিষয় : ৫ম উপজেলা পরিষদ নির্বাচন ২০১৯ এ ৩য় পর্যায়ে ৪টি ও চতুর্থ পর্যায়ে ৬টি উপজেলার সকল ভোটকেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬ ফেব্রুয়ারী ২০১৯ তারিখে জারিকৃত নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০১৪.১৯-৮২ এর যোগসূত্রে জানানো যাচ্ছে যে, আগামী ২৪ মার্চ ২০১৯ তারিখে তৃতীয় পর্যায়ে ৪টি (রংপুর সদর, গোপালগঞ্জ সদর, মানিকগঞ্জ সদর ও মেহেরপুর সদর) এবং ৩১ মার্চ ২০১৯ তারিখে চতুর্থ পর্যায়ে ৬টি (কক্সবাজার সদর, পটুয়াখালী সদর, ময়মনসিংহ সদর, বাগেরহাট সদর, মুন্সিগঞ্জ ও ফেনী সদর) মোট ১০টি সদর উপজেলায় অনুষ্ঠিতব্য উপজেলা পরিষদ নির্বাচন ২০১৯ এ সকল ভোটকেন্দ্রে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

০২। ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ, ভোটগ্রহণ কর্মকর্তাগণকে প্রশিক্ষণ ও জনসাধারণকে নতুন এই ভোটিং ব্যবস্থা প্রদর্শন/ভোটার এডুকেশন বা জনসচেতনতার জন্য প্রয়োজনীয় সংখ্যক ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) কাস্টমাইজেশনসহ নির্বাচন উপযোগী করে নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন (এনআইডি) অনুবিভাগ কর্তৃক যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া নির্বাচন কমিশন সচিবালয়ের আইসিটি ও এনআইডি অনুবিভাগের ০১ জন করে সদস্য ভোটকেন্দ্রে উপস্থিত থেকে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবেন।

০৩। **ইভিএম ব্যবহার পদ্ধতি সম্পর্কে প্রার্থী এবং ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার:** যেহেতু ইভিএম ব্যবহারের মাধ্যমে ভোটগ্রহণ একটি নতুন পদ্ধতি তাই এর ব্যবহার, কার্যকারিতা এবং সফলতা সম্পর্কে সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থী, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট, পোলিং এজেন্ট এবং ভোটারদের মধ্যে উপজেলা/থানা নির্বাচন অফিসারদের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে প্রথমেই সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নিয়ে বৈঠক ও ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ পদ্ধতি প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। ভোটার কর্তৃক অতি সহজ পদ্ধতিতে ইভিএম এর মাধ্যমে ভোটদানের সুবিধার্থে একটি ছোট আকারের নির্দেশিকা/লিফলেট (ছবি ও সংক্ষিপ্ত বর্ণনাসহ) প্রেরণ করা হবে। উক্ত নির্দেশিকা/লিফলেট সংশ্লিষ্ট ভোটারদের মাঝে বিভিন্ন জনসমাগম স্থলে বিতরণসহ বিভিন্ন পন্থায় পৌছানোর ব্যবস্থা করতে হবে। ভোটগ্রহণ কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার ও সহকারী প্রিজাইডিং অফিসারদের সুবিধার্থে ইভিএম ব্যবহার পদ্ধতি বিষয়ক একটি নির্দেশিকার প্রয়োজনীয় সংখ্যক কপি প্রেরণেরও ব্যবস্থা করা হয়েছে।

০৪। **ইভিএম ব্যবহারের মাধ্যমে ভোটপ্রদান পদ্ধতি সরেজমিনে প্রদর্শন (ভোটার এডুকেশন):** ইভিএম এ ভোট গ্রহণের জন্য নির্ধারিত ভোটকেন্দ্রের আওতাধীন সুবিধাজনক স্থান/স্থানসমূহে এবং অন্যান্য জনবহুল স্থানসমূহে প্রতিদিন ইভিএম এর মাধ্যমে ভোট প্রদান পদ্ধতি প্রদর্শন (ভোটিং এডুকেশন)/জনসচেতনতার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। ১৬-২১ মার্চ, ২০১৯ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের আওতাধীন এলাকায় ২ জন করে স্থানীয় ডেমোনেস্ট্রেটর নিয়োজিত থেকে ইভিএম এর মাধ্যমে সরেজমিনে ভোটারদের ভোটদান পদ্ধতি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। **স্থানীয় পর্যায়ে তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন শিক্ষক-কর্মকর্তাদের প্রশিক্ষণ:** নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ইভিএম ব্যবহারের বিষয়ে স্থানীয় পর্যায়ে তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পন্ন শিক্ষক-কর্মকর্তাদের ইলেকট্রনিক ভোটিং মেশিন ব্যবহারের বিষয়ে ২ দিনের নিবিড় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে। প্রশিক্ষণপ্রাপ্ত উক্ত সদস্যদের মাধ্যমে ভোটকেন্দ্রভিত্তিক ডেমোনেস্ট্রেশন/ভোটার এডুকেশন পরিচালনা করা হবে।

০৬। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ:** নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ইভিএম ব্যবহারের বিষয়ে ভোটগ্রহণ কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের ইলেকট্রনিক ভোটিং মেশিন ব্যবহারের বিষয়ে ২ দিনের নিবিড় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৭। **নিরাপত্তা সহকারে ইভিএম এর পরিবহন, সংরক্ষণ ও কার্যকারিতা যাচাই করা :** ইভিএম একটি ইলেক্ট্রনিক ডিভাইস। উক্ত মেশিনসমূহ সারিবদ্ধভাবে রেখে যথাযথ নিরাপত্তার সাথে পরিবহন করতে হবে। ভোটগ্রহণের পূর্বের দিন অন্যান্য নির্বাচনি মালামাল সহকারে ইভিএমসমূহ প্রিজাইডিং কর্মকর্তাকে বুঝিয়ে দিতে হবে এবং প্রিজাইডিং কর্মকর্তাগণ ভোটকেন্দ্রে গিয়ে অবশ্যই ইভিএম সমূহের কার্যকারিতা ও সঠিকতা সহকারী প্রিজাইডিং অফিসারগণের সহযোগিতায় যাচাই করবেন। কোনরূপ ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। রিটার্নিং অফিসার নির্বাচন কমিশন সচিবালয়ের বিশেষজ্ঞগণকে অবহিত করে ত্রুটি-বিচ্যুতি সংশোধন অথবা প্রয়োজনে প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন।

০৮। **ভোটগ্রহণ শুরুর পূর্বে ইভিএম প্রদর্শন ও ডেমো ভোটগ্রহণ :** ভোটকেন্দ্রে ব্যবহারের জন্য সরবরাহকৃত ইভিএমসমূহ ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে ভোটকেন্দ্রে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা নির্বাচনী এজেন্ট অথবা পোলিং এজেন্টগণকে প্রদর্শন করতে হবে এবং তাদের প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সঠিক আছে কিনা তা দেখাতে হবে। ডেমো ভোট শুরুর প্রথমে ইভিএমের মাধ্যমে শূণ্য ভোট প্রদর্শন করবেন এবং ডেমো ভোটে প্রদত্ত ভোট সকলের সম্মুখে লিখে রেখে ফলাফল যাচাই করে এর সঠিকতা সম্পর্কে নিশ্চিত করতে হবে। ডেমো ভোটগ্রহণের পর সহকারী প্রিজাইডিং কর্মকর্তা উপস্থিত সকলকে ডেমো ভোটের ফলাফল প্রদর্শন করবেন।

০৯। **ইভিএম যাচাইকরণ :** ভোটগ্রহণের দিন প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নামের বিপরীতে ব্যালট ইউনিটে সঠিকভাবে প্রতীক সন্নিবেশিত আছে কিনা তা ভোটকেন্দ্রে পৌছে প্রিজাইডিং অফিসার যাচাই করবেন। যাচাই করে কোন ক্রটি পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারকে অবহিত করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে প্রিজাইডিং অফিসারকে ইভিএম ও অন্যান্য ফরম, প্যাকেট এবং নির্বাচনি সামগ্রী সংগ্রহের সময় ভোটকেন্দ্রের চাহিদা অনুসারে যাচাই করে তা বুঝে নিতে হবে।

১০। **প্রিজাইডিং অফিসারের দায়িত্ব :** (১) প্রিজাইডিং অফিসার রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট থেকে ইভিএম গ্রহণ করার পর প্রতিটি কক্ষের সহকারী প্রিজাইডিং অফিসারদেরকে ইভিএম বুঝিয়ে দিবেন এবং সহকারী প্রিজাইডিং অফিসারদের সহকারে কক্ষভিত্তিক মেশিনসমূহ সেটআপ করে কন্ট্রোল ইউনিট এবং গোপন কক্ষে ব্যালট ইউনিটসমূহ স্থাপনসহ উহার কার্যকারিতা পরীক্ষা করে দেখবেন।

(২) প্রিজাইডিং অফিসার বা, ক্ষেত্রমত, সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণের পূর্বে প্রয়োজনে সময় উল্লেখ করে ভোটকক্ষে ব্যবহৃতব্য ইভিএম ও ব্যালট ইউনিট প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট এর সম্মুখে প্রদর্শন করবেন এবং ব্যালট ইউনিটে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা অনুযায়ী নাম ও প্রতীক সন্নিবেশিত আছে মর্মে নিশ্চিত করবেন।

(৩) প্রিজাইডিং অফিসার ফরম-২ অনুযায়ী রেকর্ড সংরক্ষণপূর্বক প্রত্যেক ভোট কক্ষের সহকারী প্রিজাইডিং অফিসারকে ইভিএম বুঝিয়ে দিবেন এবং ভোটগ্রহণ শেষে সংরক্ষিত রেকর্ড সম্বলিত উক্ত ফরমটি অন্যান্য ফরম ও প্যাকেটের সাথে ব্যাগে ঢুকিয়ে সিলগালা করে রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(৪) ভোট গ্রহণ শেষে সকল কক্ষের কার্ডসহ কন্ট্রোল ইউনিটসমূহ সহকারী প্রিজাইডিং অফিসারদের সহযোগিতায় ভোট গণনার জন্য নির্ধারিত একটি কক্ষে নিয়ে আসবেন এবং একটি মেশিন হতে কেন্দ্রভিত্তিক ফলাফল মুদ্রণ করবেন।

১১। **সহকারী প্রিজাইডিং অফিসারের দায়িত্ব :** (১) প্রিজাইডিং অফিসারের উপস্থিতিতে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিট ও ব্যালট ইউনিট সংযুক্ত করে মেশিনের সুইচ অন করবেন এবং সরবরাহকৃত এসডি কার্ড, অডিট কার্ড এবং পোলিং কার্ড নির্দিষ্ট স্লটে প্রবেশ করিয়ে এবং প্রদত্ত PIN ও Password প্রদান করে ইভিএমটি চালু করবেন।

(২) সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ শুরুর পূর্বে পোলিং এজেন্টদের উপরে বর্ণিত বিষয়াদি প্রদর্শন করবেন এবং কন্ট্রোল ইউনিটের ডিসপ্লেতে প্রদর্শিত কপি প্রিন্ট করে প্রিন্ট কপি বের করে Demo লেখা ও Total Vote এর সংখ্যা শূন্য দেখিয়ে এই মর্মে নিশ্চিত করবেন যে, এটি ডেমো মোড এ রয়েছে অর্থাৎ ইভিএমটিতে ইতিপূর্বে কোন ভোট প্রদান করা হয়নি।

(৩) সহকারী প্রিজাইডিং অফিসার বের করা প্রিন্ট কপিতে উপস্থিত নির্বাচনি এজেন্টগণের স্বাক্ষর গ্রহণ করবেন এবং তা নির্ধারিত প্যাকেটে ভরে অন্যান্য ফরম ও প্যাকেটের সাথে ব্যাগে ঢুকিয়ে রাখবেন এবং পরবর্তীতে অন্যান্য ফরম ও প্যাকেটের সাথে ব্যাগে ঢুকিয়ে সিলগালা করে রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(৪) ভোট গ্রহণ শুরুর পূর্বে সহকারী প্রিজাইডিং অফিসার উপর্যুক্ত বিষয়াদি উল্লেখপূর্বক ফরম-৩ অনুযায়ী সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারকে একটি প্রত্যয়নপত্র প্রদান করবেন এবং প্রত্যয়নপত্রটি অন্যান্য ফরম ও প্যাকেটের সাথে ব্যাগে ঢুকিয়ে সিলগালা করে রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

১২। **ভোটারের পরিচয় নিশ্চিতকরণ :** (১) কোন ভোটার ভোট প্রদানের জন্য ভোটকক্ষে উপস্থিত হবার পর ভোট প্রদানের পূর্বে সহকারী প্রিজাইডিং অফিসার ভোটার তালিকাসহ কন্ট্রোল ইউনিটে ভোটারের বায়োমেট্রিক ম্যাচিং অথবা স্মার্ট কার্ড অথবা ভোটার নম্বর অথবা জাতীয় পরিচয়পত্রের নম্বর ব্যবহার করে ভোটারের পরিচয় সম্পর্কে নিশ্চিত হবেন।

(২) যেক্ষেত্রে ভোটারের আঙ্গুলের ছাপ ম্যাচিং হবে না সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারের স্মার্ট কার্ড অথবা ভোটার নম্বর অথবা জাতীয় পরিচয়পত্রের নম্বর ব্যবহার করে ভোটারের পরিচয় সম্পর্কে নিশ্চিত হয়ে সহকারী প্রিজাইডিং অফিসার, নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত হারের ভোটারের জন্য, তার (সহকারী প্রিজাইডিং) আঙ্গুলের ছাপ দিয়ে ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের মাধ্যমে ভোটপ্রদানের অনুমতি দিতে পারবেন। নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত হার পৃথকভাবে পত্রের মাধ্যমে জানানো হবে।

(৩) এই বিধির অধীন যেসকল ভোটারের আঙ্গুলের ছাপ ম্যাচিং হবে না এবং সহকারী প্রিজাইডিং অফিসার আঙ্গুলের ছাপ দিয়ে ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু করবেন সেসকল ভোটারের জন্য পৃথক লগ পোলিং কার্ডে সংরক্ষিত হবে।

১৩। **ভোটদান পদ্ধতি :** সহকারী প্রিজাইডিং অফিসার ভোটারকে সনাক্ত করার পর একজন পোলিং অফিসার তার আঙ্গুলে অমোচনীয় কালি প্রদান করবেন এবং অপর পোলিং অফিসার তার নিকট রক্ষিত ছবিসহ ভোটার তালিকায় ভোটারের স্বাক্ষর অথবা টিপসহি নিয়ে উপস্থিত এজেন্টদেরকে ভোটারের ক্রমিক নম্বর জানিয়ে দিবেন ও ছবিসহ ভোটার তালিকায় টিক চিহ্ন প্রদান করে সহকারী প্রিজাইডিং অফিসারকে ব্যালট ইউনিট সচল করতে অনুরোধ করবেন এবং অমোচনীয় কালি প্রদান সম্পন্ন হলে সহকারী প্রিজাইডিং ভোটারকেই ইভিএম এর মাধ্যমে ভোট প্রদানের জন্য গোপন কক্ষে পাঠাবেন।

(২) ইলেক্ট্রনিক ব্যালট ইস্যু করার সঙ্গে সঙ্গে সহকারী প্রিজাইডিং অফিসার ভোটিং মেশিনে "ভোটগ্রহণ প্রক্রিয়া চলছে, অনুগ্রহ করে অপেক্ষা করুন" মেসেজটি দেখতে পারবেন।

(৩) গোপন কক্ষে প্রবেশের পর ভোটার যে যে পদের প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে ভোট প্রদান করতে চান সে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীকের পাশের বাটন চেপে প্রতীক পছন্দ করে সবুজ রঙের বাটন চেপে ভোট প্রদান সম্পন্ন করবেন। এভাবে একে একে ৩ পদের ৩ টি প্রতীকে ভোট দিতে পারবেন । কোন কারণে ভোটার ভুল প্রতীকের বাটনে চাপ দিলে এবং তা সংশোধন করতে চাইলে তার পছন্দের প্রতীকের বাটনে পুনরায় চাপ দিয়ে ভোট প্রদান করতে পারবেন। এইভাবে পরপর দুইবার তিনি সংশোধন করতে পারবেন। তৃতীয় বার যে প্রতীকের বাটনে চাপ দিবেন সেই প্রতীকেই ভোট প্রদান সম্পন্ন হবে।

(৪) ভোটারের ভোট প্রদান সম্পন্ন হলে সহকারী প্রিজাইডিং অফিসার কন্ট্রোল ইউনিটে "ভোটগ্রহণ সম্পন্ন" মেসেজটি দেখতে পাবেন এবং ভোটার "আপনার ভোট সম্পন্ন হয়েছে, ধন্যবাদ" কথাটি স্বয়ংক্রিয়ভাবে শুনতে পাবেন।

১৪। **ভোট গ্রহণ শেষে সহকারী প্রিজাইডিং অফিসারের দায়িত্ব :** (১) সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ সমাপ্ত হওয়ার পর পোলিং এজেন্ট এবং আইনগতভাবে অনুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের সম্মুখে "ভোট শেষ" বাটনটি চাপবেন যার ফলে উক্ত ইভিএম-এ আর কোন ভোট গৃহীত হবেনা।

(২) ভোটগ্রহণ শেষে সহকারী প্রিজাইডিং অফিসার ভোট গণনার জন্য ইভিএম প্রিজাইডিং অফিসারের নিকট নিয়ে যাবেন।

১৫। **ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণসহ অন্যান্য কার্যাদি সম্পাদন (ভোটগ্রহণ কর্মকর্তা কর্তৃক ইভিএম ব্যবহার):** প্রিজাইডিং অফিসার কেন্দ্রের সকল ভোটকক্ষে ব্যবহৃতব্য ভোটিং মেশিন চালু করার নিরাপত্তা PIN নম্বর এবং Password গোপনীয় ভাবে রিটার্নিং অফিসারের দপ্তর হতে গ্রহণ, সংরক্ষণ ও সংশ্লিষ্ট সহকারী প্রিজাইডিং অফিসারকে মেশিন চালু করার ১ম পাসওয়ার্ডটি সরবরাহ করবেন। একজন পোলিং অফিসার ভোটার তালিকার হার্ডকপির সাথে মিলিয়ে সনাক্তকৃত ভোটার নম্বর চিহ্নিত করবেন এবং একই সাথে ছবিসহ ভোটার তালিকার উপর ভোটারের স্বাক্ষর বা টিপসহি নিবেন এবং অপর পোলিং অফিসার বৈধ ভোটারের আঙ্গুলে অমোচনীয় কালির কলম দিয়ে দাগ দিয়ে দিবেন এবং সহকারী প্রিজাইডিং অফিসার ভোটারকে মেশিনে সনাক্ত করে ইলেকট্রনিকব্যালট ইস্যু করবেন। ভোট গ্রহণের দিন বেলা ৪.০০ টার পর ভোটগ্রহণ শেষে সংশ্লিষ্ট সহকারী প্রিজাইডিং অফিসারগণ ভোটিং মেশিনসমূহ এবং ব্যবহৃত কার্ডসমূহ ফলাফল গণনার নির্ধারিত কক্ষে নিয়ে যাবেন। অতপর প্রিজাইডিং অফিসার Audit কার্ড এর মাধ্যমে প্রত্যেক

কক্ষের মেশিন হতে প্রথমে ভোট সমাপ্ত করবে। অতঃপর একটি মেশিন রিস্টার্ট করে সেখান থেকে কেন্দ্রভিত্তিক ফলাফল মুদ্রণ করে উপস্থিত প্রার্থীগনের/প্রতিনিধিগনের নিকট উপস্থাপন করবেন এবং সরবরাহকৃত ফরম যথাযথভাবে পূরণ করে ফলাফল প্রকাশ/কপি বিতরণ এবং সকল ধাপ অনুসরনপূর্বক রিটার্নিং অফিসারের নিকট ভোটিং মেশিন, আনুষঙ্গিক যন্ত্রপাতি ও অন্যান্য মালামালসহ ফলাফল জমা দিবেন।

১৬। **ভোট গণনা:** প্রিজাইডিং অফিসার আইনগতভাবে অনুমতিপ্রাপ্ত ব্যক্তিবর্গের সম্মুখে কেন্দ্রভিত্তিক ইভিএম এর কন্ট্রোল ইউনিট হতে ফলাফল মুদ্রণ করবেন এবং মুদ্রণকৃত ফলাফল এর কপিতে প্রিজাইডিং অফিসার নিজে স্বাক্ষর করবেন এবং উপস্থিত পোলিং এজেন্টদের স্বাক্ষর গ্রহণ করবেন। কেহ স্বাক্ষর প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করলে তা লিপিবদ্ধ করবেন। তবে কক্ষ ভিত্তিক ফলাফল প্রিন্ট করে স্বাক্ষরসহ বস্তায় সংরক্ষণ করতে হবে।

১৭। **ভোট গণনার বিবরনী প্রস্তুত :** প্রিজাইডিং অফিসার বিধি ১৬ এর অধীন ইভিএম হতে মুদ্রিত ফলাফল উপজেলা পরিষদ নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০১৩ এর তফসিল ১ এর ফরম-ঞ, ঞ-১ ও ঞ-২ তে যথাক্রমে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের জন্য ভোট গণনার বিবরণী প্রস্তুত করবেন এবং উপস্থিত পোলিং এজেন্টদের স্বাক্ষর গ্রহণ করবেন, কেহ স্বাক্ষর প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করলে তা লিপিবদ্ধ করবেন। পোলিং এজেন্টদেরকে ভোটগণনার বিবরনীর কপি প্রদান করবেন। ফরম-১৬ (ভোট গণনার বিবরণী) কম্পিউটারে কম্পোজ করে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক উল্লেখ করে স্থানীয়ভাবে প্রস্তুত করে নির্ধারিত সংখ্যক কপি প্রিজাইডিং অফিসারগণকে সরবরাহ করতে হবে। প্রস্তুতকৃত ভোট গণনার বিবরণীর এক কপি প্যাকেট ১৪ এ সিলগালা করে অন্যান্য মালামালের সাথে ব্যাগে ভরে রিটার্নিং অফিসারের কার্যালয়ে জমা দিবেন। তবে কোন ভোটার ৩টি ব্যালট ইউনিটের কোন ১ টিতে ভোট প্রদান না করলে উহা ইভিএম এ তিনি কোন প্রার্থীকে ভোট প্রদান করেননি বিবেচনা করে উক্ত সংখ্যাটি (ফরম-ঞ, ঞ-১ ও ঞ-২) মোট অবৈধ ভোটের সংখ্যার ঘরে লিপিবদ্ধ করবেন।

১৮। **ইভিএম এর ফলাফল পুনরায় যাচাই :** রিটার্নিং অফিসার কোন ভোটকেন্দ্রের ইভিএম এর ফলাফল পুনরায় যাচাই করবেন না, যদি না-

(ক) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট কর্তৃক লিখিতভাবে প্রিজাইডিং অফিসারের গণনা সর্ম্পকে আপত্তি করা হয় এবং রিটার্নিং অফিসার ঐ আপত্তির যথার্থতা সম্পর্কে সন্তুষ্ট হন; অথবা

(খ) তিনি কমিশন কর্তৃক ইহা করতে আদিষ্ট হন ।

১৯। **ভোট গণনার পর ইভিএম ও ব্যবহৃত এসডি কার্ড, অডিট কার্ড এবং পোলিং কার্ড হস্তান্তর :** (১) ভোট গণনা শেষে ফলাফল ঘোষণার পর প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে ব্যবহৃত এসডি কার্ড, অডিট কার্ড ও পোলিং কার্ড সিলগালা করবেন এবং উহা অন্যান্য নির্বাচনি মালামালের সাথে ব্যাগে রাখিয়া সিলগালা করে ইভিএম এর কন্ট্রোল ইউনিটসহ অন্যান্য যন্ত্রপাতি রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

(২) রিটার্নিং অফিসার উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩-এর বিধান অনুসারে অনতিবিলম্বে ফলাফল ঘোষণা করবেন।

২০। **ব্যবহৃত বিভিন্ন ধরনের কার্ডের এবং প্রদত্ত পিন/পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা :** প্রতিটি ইভিএম এর জন্য ব্যবহৃত বিভিন্ন ধরণের কার্ড এবং মেশিন চালু করার পিন/পাসওয়ার্ড প্রিজাইডিং অফিসারকে খামে ভরে সীল অবস্থায় সরবরাহ করা হবে। Q R কোড পিন/পাসওয়ার্ড হিসেবে ব্যবহার করা যাবে না। সরবরাহকৃত কার্ডসমূহ যথাযথ নিরাপত্তার সাথে ব্যবহার করতে হবে। এ সকল কার্ড এবং পিন/পাসওয়ার্ডের যথাযথ গোপনীয়তা রক্ষা করতে হবে।

২১। **ইভিএম বিষয়ক বিভিন্ন ফরম :** ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ কার্যক্রমে ব্যবহারের জন্য ফরম-২ ও ফরম-৩ এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত ফরমসমূহ স্থানীয়ভাবে মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যবহৃত ফরম-২ ও ফরম-৩ প্যাকেট ১২ এ সিলাগালা করে অন্যান্য মালামালের সাথে ব্যাগে ভরে দিবেন।

২২। **ইভিএম সমূহ পরিচালনার জন্য নির্বাচন কমিশনের কারিগরি দলকে লজিস্টিক সাপোর্ট প্রদান :** ভোটগ্রহণের দিন ইভিএম দ্বারা ভোটগ্রহণের জন্য মেশিন স্থাপনসহ অন্যান্য ব্যবস্থা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত ভোটগ্রহণ কর্মকর্তাগন নিজেরাই প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগিয়ে বাস্তবায়ন করবেন। তবে প্রতিটি ভোটকেন্দ্রে নির্বাচন কমিশনের পক্ষে ১ জন কারিগরী সদস্য সহযোগিতা প্রদান করবেন এজন্য রিটার্নিং অফিসার তাদেরকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট প্রদান করবেন। তবে প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণের জন্য ভোটকেন্দ্র ও ভোটকক্ষ প্রস্তুত করবেন। ভোটগ্রহণ চলাকালে ইভিএম মেশিনের কোন সমস্যা দেখা দিলে বা মেশিন প্রতিস্থাপনের প্রয়োজন হলে

নির্বাচন কমিশনের নিযুক্ত সদস্য তা সচল করা বা প্রতিস্থাপনের ব্যবস্থা করবেন। ভোটকেন্দ্রের অভ্যন্তরে নিয়োজিত কারিগরী সদস্য মোবাইল টিম/কন্ট্রোল রুমের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নিমিত্তে মোবাইল ফোন বহন ও ব্যবহার করতে পারবেন।

২৩। **নির্বাচনি দ্রব্যাদি বিতরণ:** কন্ট্রোল ইউনিট, ব্যালট ইউনিটসহ ইভিএম মেশিন, মাল্টি সকেট, মাসকিং টেপ, মেমব্রেন ক্লিনার ইত্যাদিসহ প্রয়োজনীয় উপকরণ এবং প্রয়োজনীয় ফরম, প্যাকেট ও নির্বাচনি দ্রব্যাদি (স্ট্যাম্প প্যাড, ব্রাস সিল, লাল গালা, অমোচনীয় কালির কলম, হেসিয়ান বড় ব্যাগ, হেসিয়ান ছোট ব্যাগ, চার্জার লাইট, ক্যালকুলেটর, স্ট্যাপলার মেশিন ও স্ট্যাপলার পিন) ক্রয় ও মুদ্রণ শাখা হতে সরবরাহের ব্যবস্থা করা হবে। সকল নির্বাচনি সামগ্রী জেলায় পৌঁছানোর পর ভালভাবে পরীক্ষা-নিরীক্ষা করে কোন দ্রব্যাদি ঘাটতি বা অতিরিক্ত পাওয়া গেলে বা অন্য কোন অসংগতি দেখা দিলে তাৎক্ষণিকভাবে নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (নির্বাচন পরিচালনা-১) মোবাইল নম্বর: **০১৭১৩-৬৪৮২৮১** বা সহকারী সচিব (ক্রয় ও মুদ্রণ) মোবাইল নম্বর: **০১৮১৮-২৬৮০৮২** কে অবহিত করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা নির্বাচন অফিসার কার্যকর ব্যবস্থা নিবেন।

২৪। **ইভিএম ও নির্বাচনি মালামাল সংরক্ষণ :** ভোটগণনা শেষে ফলাফল ঘোষণার পর সহকারী প্রিজাইডিং অফিসার ইভিএম মেশিনসমূহ এবং সংশ্লিষ্ট কার্ডসমূহ সরবরাহকৃত কার্টুনসমূহে প্রবেশ করিয়ে তাতে প্রিজাইডিং অফিসার ও প্রার্থীগণ বা প্রার্থীগণের মনোনীত নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্ট কর্তৃক স্বাক্ষরকৃত কাগজসহ নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত ব্রাস সিল দ্বারা সিলগালা করবেন। নির্বাচন শেষে সহকারী প্রিজাইডিং অফিসার ব্যালট ইউনিটসমূহ নির্ধারিত প্যাকেটে ঢুকিয়ে সিল গালা করবেন। প্যাকেটের উপর অবশ্যই উপস্থিত প্রার্থী/নির্বাচনি এজেন্ট/পোলিং এজেন্টদের স্বাক্ষর গ্রহণ করতে হবে। প্রিজাইডিং অফিসারকে ব্যবহৃত ভোটার তালিকা, ভোটগণনার বিবরণী (ফরম-ঞ, ঞ-১, ঞ-২) এ ও অন্যান্য প্যাকেট এবং অন্যান্য নির্বাচনি সামগ্রী গানি ব্যাগে ঢুকিয়ে সিলগালাপূর্বক রিটার্নিং অফিসারের নিকট ফলাফলের সাথে জমা দিতে হবে। নির্বাচনি ফলাফল ঘোষণা শেষে ইভিএম সিল করার পর প্রিজাইডিং অফিসার তা রিটার্নিং অফিসারের নিকট অন্যান্য মালামালের সাথে জমা দিবেন।

২৫। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

২৬/২/১৯

সংলগ্নী: বর্ণনা মোতাবেক।

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০১৪.১৯-৯৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৫ / ২৬ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১১. বিভাগীয় কমিশনার, ........................................ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ................................ রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ...................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................... (সকল)
১৯. পুলিশ সুপার, ........................................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ...................... (সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, ................................................. (সংশ্লিষ্ট)
২৩. ....................................................................................... ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................ (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, .......................................................... (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .................................................. (সংশ্লিষ্ট)
৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

২৩/৩/১৯

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৮১
e-mail: sas_emc2@ecs.gov.bd

**ফরম-২**

*[বিধি ৯(৩) দ্রষ্টব্য]*

**প্রিজাইডিং অফিসার কর্তৃক সহকারী প্রিজাইডিং অফিসারকে ইভিএম বুঝাইয়া দেওয়ার রেকর্ড**

| | নির্বাচনি এলাকার নম্বর ও নাম |
|---|---|

| এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, | |
|---|---|

(ভোট কেন্দ্রের নম্বর ও নাম)

ভোট কেন্দ্রে ব্যবহারের নিমিত্তে নিম্নরূপে ইভিএমসমূহ বুঝাইয়া দেওয়া হইলঃ-

| ক্রমিক নম্বর | ইভিএম নম্বর | | ভোটকক্ষের নম্বর | গ্রহণকারী সহকারী প্রিজাইডিং/পোলিং অফিসারের নাম ও স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | কন্টোল ইউনিট | ব্যালট ইউনিট | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

| স্থান. | | | |
|---|---|---|---|

প্রিজাইডিং অফিসারের নাম, স্বাক্ষর ও সীল (যদি থাকে)

তারিখ [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর

**ফরম-৩**

[*বিধি ১০(৪) দ্রষ্টব্য*]

**ইভিএম এর কার্যকারিতা সম্পর্কিত সহকারী প্রিজাইডিং অফিসারের প্রত্যয়নপত্র**

| | |
|---|---|
| | নির্বাচনি এলাকার নম্বর ও নাম |

| | |
|---|---|
| এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, | |

(ভোট কেন্দ্রের নম্বর ও নাম)

ভোট কেন্দ্রের ..... নম্বর ভোটকক্ষে সরবরাহকৃত ইভিএমটির কার্যকারিতা পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে।

| ক্রমিক নম্বর | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

স্থান

সহকারী প্রিজাইডিং অফিসারের নাম,
স্বাক্ষর ও সীল (যদি থাকে)

তারিখ দিন মাস বৎসর